ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৬৯
আগরতলা, ১৩ জুন, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

'সীমান্ত বাঁধ নির্মাণে ব্যাপক দুর্নীতিতে ক্ষোভ' শিরোনামে ০৩-০৬-২০২৫ তারিখে ত্রিপুরা দর্পণে প্রকাশিত সংবাদটি পূর্ত দপ্তরের (জলসম্পদ) নজরে এসেছে। এ সম্পর্কে এক স্পষ্টিকরণে পূর্ত দপ্তরের (জলসম্পদ) মুখ্য বাস্তুকার জানিয়েছেন যে, বাংলাদেশের আলিনগরে মনু নদীর বাঁধের উচ্চতা ২০০ মিটার জুড়ে ১.২০ মিটার উচুঁ করা হয়েছে। তাই ভারতের সীমান্তের এপারে দেবীপুরেও বাঁধ উচুঁ ও মজবুত করার কাজ হাতে নেওয়া হয়। দপ্তরের তত্ত্বাবধানে সমস্ত নিয়ম মেনেই বাঁধের কাজ করা হচ্ছে। কিন্তু কৈলাসহরে সাম্প্রতিক বৃষ্টির কারণে চলতি নির্মাণ কাজ কিছুটা ক্ষতিগ্রস্ত হয়, বাঁধের কিছুটা অংশ থেকে মাটি সরে যায়। এখন ক্ষতিগ্রস্ত অংশে নতুন করে মাটি ফেলার কাজ চলছে।

******